


বার্তা আদান প্রদান
(মোবাইল মেসেজ, ইমেইল,
কিংবা হোয়াটসআপ)
ইত্যাদি



Digital
Literacy
Center





আমার
জিমেইল
অ্যাকাউন্ট
আছে

যদি তোমার জিমেইল অ্যাকাউন্ট থাকে, তাহলে
তোমাকে মোবাইলের জি মেইল অপশনে যেতে হবে।

এরপর জিমেইলের কম্পোজ
(Compose) অপশনে যাবে।

সেখানে একটি বক্স দেখতে পাবে।

বক্সের 'To' লেখা জায়গাটিতে যার কাছে মেইলটি
পাঠাতে চাও তার ইমেইল ঠিকানা লিখে দিবে।

ঠিক আছে
তারপর?

তারপর উপরের দিকে 'Subject' লেখা
জায়গাটিতে মেইলের শিরোনাম বা যে বিষয়ে
মেইল করা হবে সেই বিষয়টি সংক্ষেপে লিখবে।

এরপর নিচের দিকে 'Compose email' লেখা
জায়গায় মেইলের মূল কথাগুলো লিখবে।

এরপর সেন্ড (send)-এ ক্লিক করলে তোমার
বার্তাটি প্রদত্ত ঠিকানায় পৌঁছে যাবে।

সেন্ড (send) লেখাটির পরিবর্তে তিনকোনা
আকৃতির একটি সেন্ড আইকনও থাকতে পারে।

এখন থেকে পারবে মামা?

হ্যাঁ পারবো।
শোন না তুই আমাকে
আরেকটা বিষয়
একটু দেখিয়ে
দিবি?

বলো মামা

মোবাইল ফোনের মাধ্যমে কার্ডকে মেসেজ পাঠাবো কীভাবে?

ঠিক আছে শোনো,

প্রথমে তোমার মোবাইলের মেসেজ অপশনে বা অ্যাপে যেতে হবে।

নতুন একটি মেসেজ লেখার জন্য তোমার সামনে (+) যোগ চিহ্নের মত একটি আইকন দেখতে পাবে যেখানে ক্লিক করলে মেসেজটি লেখার জন্য একটি বক্স আসবে।

সেই বক্সে তুমি মেসেজ লিখতে পারবে।

আচ্ছা, তারপর?

মেসেজটি লেখার পর উপরে খেয়াল করলে দেখতে পাবে (Add Recipient / Add Contact) লেখা ছোট আরেকটি বক্স আছে যেখানে তুমি যাকে পাঠাতে চাও তার নাম্বারটি লিখে দিবে।

আর যদি তার নাম্বারটি আগে থেকেই সেইভ (save) করা থাকে, তাহলে যে নামে সেইভ করা আছে সেই নামটি লিখলে তার contact টি চলে আসবে এবং তুমি তার নামটি সিলেক্ট করতে পারবে।

পরবর্তীতে send লেখা অপশনটিতে ক্লিক করলে মেসেজটি গ্রাহকের কাছে পৌঁছে যাবে।

বাহ্ এত খুবই সহজ!

হ্যাঁ মামা জানলে সবই সহজ

তোকে অনেক ধন্যবাদ ভাঞ্জে।